প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ

Department of Printing and Publication Studies
University of Dhaka
Established: 2015

# -: নিয়োগ বিজ্ঞপ্তি :-

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগে একটি শূন্য স্থায়ী কম্পিউটার ল্যাবঃ এটেনডেন্ট পদের বিপরীতে বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | **কম্পিউটার ল্যাবঃ এটেনডেন্ট**, গ্রেড-১৯<br>টাকাঃ ৮,৫০০-২০,৫৭০/-<br>(জাতীয় বেতন স্কেল: ২০১৫) | ০১ (এক) টি | প্রার্থীকে কমপক্ষে এসএসসি/সমমান পাস হতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮ (আঠারো) বছর হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। |

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট, প্রশংসাপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক সাদা কাগজে আগামী ২২/০৫/২০২৫ ইং তারিখ রোজ **বৃহস্পতিবার** অফিস চলাকালীন সময়ের মধ্যে চেয়ারম্যান, প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর বরাবর লিখিত দরখাস্ত জমা দিতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

"আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। আবেদনপত্রে কোন তথ্য গোপন/উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।"

সকল প্রার্থীকে সার্টিফিকেট, প্রশংসাপত্র ও জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সাক্ষাৎকারের জন্য প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের চেয়ারম্যান-এর অফিসে আগামী **২৯/০৫/২০২৫** তারিখ রোজ **বৃহস্পতিবার, সকাল ১০:০০** টায় উপস্থিত থাকতে বলা হচ্ছে। এই ব্যাপারে আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র ইস্যু করা হবে না এবং কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

Shilpy Begum

(ড. শিল্পী বেগম)
চেয়ারম্যান
প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

মেমো নং-০১/নিয়োগ/পিপিএস/২০২৫

তারিখ: 04.05.2025

**Dr. Shilpy Begum**
Chairman
Dept. of Printing and Publication Studies
University of Dhaka

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতগণের নিকট অনুলিপি প্রেরিত হলঃ-

১। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
[illegible]